Bill No. 5/07-08

17

2008-0474

Anubhūtivivaraṇādarśa of Śrī Svāmi Bhāskarānanda Sarasvati - with translation in Hindi and Bengālī by Śrī Ṭhākuradāsa Bandyopādhyāya - with a lithograph of the author. Calcutta, 1817 Saka era.

14

Indira Gandhi National Centre for the Arts



श्रीमान् स्वामी भास्करानन्दजी सरस्वती।
শ্রীমান্ স্বামী ভাস্করানন্দ সরস্বতী।

अनुभूतिविवरण[illegible]

[illegible]

[illegible]

18[illegible]4

~~[illegible]~~ philosophy, [illegible]

[illegible]

KALANIDHI
Rare Book Collection
ACC No.: R-474
IGNCA Date: 26·3·08

[illegible]

[illegible]

श्रीः

# अनुभूतिविवरणादर्शः

आनन्दवनस्थ-श्रीमत्परमहंसपरिव्राजकाचार्य्य-

## श्रीमत्स्वामि-भास्करानन्द-सरस्वती-

विरचितः।

ऋषिड़ाग्रामवास्तव्येन

## श्रीठाकुरदास-वन्द्योपाध्यायेन

वङ्गभाषया अनुवादितः

चम्पकतलस्थ-राजचन्द्र-सेन-वर्त्मनि १६।१-सङ्ख्यक-भवनात्

तेनैव प्रकाशितः।

Indira Gandhi National
Centre for the Arts

## कलिकाताराजधान्याम्

गिरिश-विद्यारत्न-वर्त्मनि चतुर्व्विंश-सङ्ख्यक-सद्मनि

गिरिश-विद्यारत्न-यन्त्रे

श्रीशशिभूषण-भट्टाचार्य्येण

मुद्रितः।

१८१७ शाके।

শ্রীঃ

# অনুভূতিবিবরণাদর্শঃ

আনন্দবনস্থ-শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্য-

শ্রীমৎস্বামি-ভাস্করানন্দ-সরস্বতী-

বিরচিতঃ।

ঋষিড়াগ্রামবাস্তব্যেন

শ্রীঠাকুরদাস-বন্দ্যোপাধ্যায়েন

বঙ্গভাষয়া অনুবাদিতঃ

চম্পকতলস্থ-রাজচন্দ্র-সেন-বর্ত্মনি

১৯।১-সঙ্খ্যক-ভবনাৎ

তেনৈব প্রকাশিতঃ।

কলিকাতারাজধান্যাম্

গিরিশ-বিদ্যারত্ন-বর্ত্মনি চতুর্ব্বিংশ-সঙ্খ্যক সদ্মনি

গিরিশ-বিদ্যারত্ন-যন্ত্রে

শ্রীশশিভূষণ-ভট্টাচার্য্যেণ

মুদ্রিতঃ।

১৮১৭ শাকে।

Indira Gandhi National
Centre for the Arts

# অনুভূতিবিবরণাদর্শ

আনন্দবনস্থ শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্য

## শ্রীমৎস্বামী ভাস্করানন্দ সরস্বতী

বিরচিত।

ঋষিড়াগ্রামনিবাসী

## শ্রীঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক

বঙ্গভাষায় অনুবাদিত

ও চাঁপাতলা রাজচন্দ্র সেনের গলি

১৯।১ নং বাটী হইতে

প্রকাশিত।

Indira Gandhi National

কলিকাতা

২৪, গিরিশ-বিদ্যারত্নস্ লেন,

গিরিশ-বিদ্যারত্ন যন্ত্রে

শ্রীশশিভূষণ ভট্টাচার্য্য দ্বারা

মুদ্রিত।

১৮১৭ শক।

# विज्ञापनम्।

वङ्गानुवादेन सह अनुभूतिविवरणादर्शः प्रकाश्यते। क्षुद्राकारस्यापि अस्य ग्रन्थस्य विषयः खल्वतीव महत्तरः। अस्य भाषा यादृशी प्रगाढ़ा, भावस्ततोऽपि उन्नतः। अतो मादृशेन जनेनास्य वङ्गानुवादो दुष्कर एव। एवं सत्यपि यत् सम्पन्नं, तत् केवलं पूज्यनीयस्य ग्रन्थकर्त्तुः स्वामिपादस्य कृपया एव।

पुस्तकेऽस्मिन् प्रथमतो देवाक्षरेण संस्कृतपूर्व्वाभासो द्वितीयतो वङ्गाक्षरेण संस्कृतपूर्व्वाभासस्तृतीयतो वङ्गाक्षरेण वङ्गभाषया पूर्व्वाभासः समुल्लिखितः। ततो देवाक्षरेण संस्कृतभाषया परमाराध्यस्य ग्रन्थकर्त्तुः सङ्क्षिप्तचरितम्, अनन्तरं वङ्गाक्षरेण संस्कृतभाषया सङ्क्षिप्तचरितं, ततो वङ्गाक्षरेण वङ्गभाषया सङ्क्षिप्तचरितं प्रदत्तम्। अथ देवाक्षरेण मूलश्लोकस्ततो देवाक्षरेण भाष्यम्, अनन्तरं वङ्गाक्षरेण मूलश्लोकस्ततो वङ्गाक्षरेण भाष्यम्, तदनन्तरं

वङ्गाचरेण मत्कृतवङ्गानुवादो भावव्याख्या देवाचरेण हिन्दीभाषया अनुवादश्चात्र यथाक्रमं विद्यते ।

ग्रन्थस्यास्य विषयेषु मम किमपि वक्तव्यं नास्ति, तत्त्वज्ञानिन एव तद्विचारयन्तु । साम्प्रतं वयमिदमेव प्रार्थयामहे, सर्व्वेषां परिज्ञानार्थं ग्रन्थोऽयं भाषान्तरितः । यद्यत्र कश्चित् भ्रमः प्रमादो वा लक्ष्येत, विद्वांसः कृपया तत् संशोधयन्तु । अपिच उपसंहारे वक्तव्यमेतत्, ग्रन्थस्यास्य भाषान्तरादिकार्य्येषु नवद्वीपनिवासी श्रीयुक्त-पण्डित-शरच्चन्द्र-काव्यरत्नो मम विशेषसाहाय्यं कृतवान् । तस्यैव सविशेष-यत्नेन परिश्रमेण च पुस्तकमिदं सम्पन्नमभवत् । विज्ञापनान्ते कृतज्ञचेतसा स्वीकरोमि, कलिकातानगर्य्याः प्रसिद्ध-संस्कृतकवि-श्रीयुक्त-ताराकुमारकविरत्न-महोदयोऽनुकम्पया ग्रन्थस्यास्य अनुवादं पर्य्यवलोक्य उपकृतवान् । इत्यलं पल्लवितेन ।

शकाब्दाः १८१६ }
प्रथमदिवसे माघस्य }

श्रीठाकुरदासशर्म्मणः ।

—

# বিজ্ঞাপনম্।

বঙ্গানুবাদেন সহ অনুভূতিবিবরণাদর্শঃ প্রকাশ্যতে। ক্ষুদ্রাকারস্যাপি অস্য গ্রন্থস্য বিষয়ঃ খল্বতীব মহত্তরঃ। অস্য ভাষা যাদৃশী প্রগাঢ়া, ভাবস্ততোঽপি উন্নতঃ। অতো মাদৃশেন জনেনাস্য বঙ্গানুবাদো দুষ্কর এব। এবং সত্যপি যৎ সম্পন্নং, তৎ কেবলং পূজনীয়স্য গ্রন্থকর্ত্তুঃ স্বামিপাদস্য কৃপয়া এব।

পুস্তকেঽস্মিন্ প্রথমতো দেবাক্ষরেণ সংস্কৃতপূর্ব্বাভাসো দ্বিতীয়তো বঙ্গাক্ষরেণ সংস্কৃতপূর্ব্বাভাসস্তৃতীয়তো বঙ্গাক্ষরেণ বঙ্গভাষয়া পূর্ব্বাভাসঃ সমুল্লিখিতঃ। ততো দেবাক্ষরেণ সংস্কৃতভাষয়া পরমারাধ্যস্য গ্রন্থকর্ত্তুঃ সঙ্ক্ষিপ্তচরিতম্, অনন্তরং বঙ্গাক্ষরেণ সংস্কৃতভাষয়া সঙ্ক্ষিপ্তচরিতং, ততো বঙ্গাক্ষরেণ বঙ্গভাষয়া সঙ্ক্ষিপ্তচরিতং প্রদত্তম্। অথ দেবাক্ষরেণ মূলশ্লোকস্ততো দেবাক্ষরেণ ভাষ্যম্, অনন্তরং বঙ্গাক্ষরেণ মূলশ্লোকস্ততো বঙ্গাক্ষরেণ ভাষ্যম্, তদনন্তরং বঙ্গাক্ষরেণ সংস্কৃতবঙ্গানুবাদো ভাবব্যাখ্যা দেবাক্ষরেণ

হিন্দীভাষয়া অনুবাদশ্চাত্র যথাক্রমং বিদ্যতে।

গ্রন্থস্যাস্য বিষয়েষু মম কিমপি বক্তব্যং নাস্তি, তত্ত্বজ্ঞানিন এব তদ্বিচারয়ন্তু। সাম্প্রতং বয়মিদমেব প্রার্থয়ামহে, সর্ব্বেষাং পরিজ্ঞানার্থং গ্রন্থোঽয়ং ভাষান্তরিতঃ। যদ্যত্র কশ্চিৎ ভ্রমঃ প্রমাদো বা লক্ষ্যেত, বিদ্বাংসঃ কৃপয়া তৎ সংশোধয়ন্তু। অপিচ উপসংহারে বক্তব্যমেতৎ, গ্রন্থস্যাস্য ভাষান্তরাদিকার্য্যেষু নবদ্বীপনিবাসী শ্রীযুক্ত-পণ্ডিত-শরচ্চন্দ্র-কাব্যরত্নো মম বিশেষ-সাহায্যং কৃতবান্। তস্যৈব সবিশেষ-যত্নেন পরিশ্রমেণ চ পুস্তকমিদং সম্পন্নমভবৎ। বিজ্ঞাপনান্তে কৃতজ্ঞচেতসা স্বীকরোমি, কলিকাতা-নগর্য্যাঃ প্রসিদ্ধ-সংস্কৃতকবি-শ্রীযুক্ত-তারাকুমার-কবিরত্ন-মহোদয়োঽনুকম্পয়া গ্রন্থস্যাস্য অনুবাদং পর্য্যবলোক্য উপকৃতবান্। ইত্যলং পল্লবিতেন।

শকাব্দাঃ ১৮১৬<br>প্রথমদিবসে মাঘস্য } শ্রীঠাকুরদাসশর্ম্মণঃ।

—

# বিজ্ঞাপন।

বঙ্গানুবাদ সহ অনুভূতিবিবরণাদর্শ প্রকাশিত হইল। ক্ষুদ্রাকার হইলেও এই গ্রন্থের বিষয় অতীব মহৎ। ইহার ভাষা যেপ্রকার প্রগাঢ়, ভাব তদপেক্ষাও উন্নত। অতএব মাদৃশ ব্যক্তি দ্বারা ইহার বঙ্গানুবাদ অতিশয় দুরূহ ব্যাপার, সন্দেহ নাই। তবে যে সম্পন্ন হইল, সে কেবল পূজ্যপাদ গ্রন্থকর্ত্তা স্বামিজীর শ্রীচরণ-কৃপায়ই বলিতে হইবে।

এই পুস্তকে প্রথমে দেবাক্ষরে সংস্কৃতপূর্ব্বাভাস, দ্বিতীয়তঃ বঙ্গাক্ষরে সংস্কৃতপূর্ব্বাভাস, তৃতীয়তঃ বঙ্গাক্ষরে বঙ্গভাষায় পূর্ব্বাভাস লিখিত হইল। অনন্তর পরমারাধ্য গ্রন্থকারের দেবাক্ষরে সংস্কৃত সঙ্ক্ষিপ্ত জীবনী, তাহার পর বঙ্গাক্ষরে সংস্কৃত সঙ্ক্ষিপ্ত জীবনী, তাহার পর বঙ্গাক্ষরে বঙ্গভাষায় সঙ্ক্ষিপ্ত জীবনী প্রদত্ত হইয়াছে। অনন্তর দেবাক্ষরে মূলশ্লোক, তাহার পর দেবাক্ষরে ভাষ্য, তদনন্তর বঙ্গাক্ষরে মূলশ্লোক, অনন্তর বঙ্গাক্ষরে ভাষ্য। তাহার পর বঙ্গাক্ষরে মৎকৃত অনুবাদ ও ভাবব্যাখ্যা, শেষে দেবাক্ষরে হিন্দী অনুবাদ দেওয়া হইয়াছে।

Indira Gandhi National Centre for the Arts

এই গ্রন্থের বিষয়-সম্বন্ধে আমার কিছুই বক্তব্য নাই, তত্ত্বজ্ঞানীরা তৎসম্বন্ধে বিচার করিবেন। সম্প্রতি আমি ইহাই প্রার্থনা করিতেছি যে, সকলের পরিজ্ঞানের নিমিত্ত আমি এই গ্রন্থের ভাষান্তর ও ভাব-ব্যাখ্যা প্রকাশ করিলাম। যদি ইহাতে কোন ভ্রম-প্রমাদ পরিলক্ষিত হয়, সুধীগণ কৃপা করিয়া উহা সংশোধন করিয়া লইবেন। অপিচ এই গ্রন্থের ভাষান্তরাদি কার্য্যে নবদ্বীপ-নিবাসী শ্রীযুক্ত পণ্ডিত শরচ্চন্দ্র কাব্যরত্নের নিকট আমি বিশেষ সাহায্য প্রাপ্ত হইয়াছি। তাঁহারই সবিশেষ যত্নে ও পরিশ্রমে এই পুস্তক সম্পন্ন হইল।

বিজ্ঞাপনশেষে কৃতজ্ঞহৃদয়ে স্বীকার করিতেছি যে, কলিকাতা নগরীর প্রসিদ্ধ সংস্কৃত কবি পণ্ডিতবর শ্রীযুক্ত তারাকুমার কবিরত্ন মহাশয় অনুগ্রহপূর্ব্বক এই পুস্তকের আদ্যোপান্ত দেখিয়া দিয়া উপকৃত করিয়াছেন। ইত্যলং পল্লবিতেন।

শকাব্দ ১৮১৬
১লা মাঘ

শ্রীঠাকুরদাসশর্ম্মা।

Indira Gandhi National Centre for the Arts

# पूर्व्वाभासः ।

इह खलु विशाले ब्रह्माण्डे सङ्ख्यातीता जीवा निवसन्ति, तेषु मानवा एव श्रेष्ठाः। यतो धर्म्मार्थ-कामा मानवैरेव साध्यन्ते। तेषु धर्म्म एव प्रधानम्। यतस्तत्त्वज्ञानम् आत्यन्तिकी दुःखनिवृत्तिश्च, स धर्म्मो न खलु मनुष्येतरैः साधयितुं शक्यः। अतएव महाजनवाक्यम्—"धर्म्मेण हीनाः पशुभिः समानाः" इति। धर्म्ममेवातः परमं पुरुषार्थमाहुः। येन पूर्व्वस्मिन् जन्मनि यादृशं सुकृतं दुष्कृतं वानुष्ठितं, स किल जन्मान्तरे तादृशं फलं लभते। संसारेऽस्मिन् प्राक्तनकर्म्मफलानुसारिणो मानवा भिन्नपथा दृश्यन्ते। कोऽपि अर्थाकाङ्क्षी, कोऽपि कामाकाङ्क्षी; मोक्षाकाङ्क्षी जीवो विरल एव। परं मोक्षाकाङ्क्षी महापुरुषः अस्मादृशामवश्यमुपजीव्यः। तदिदं मुमुक्षोस्तस्य भगवतो वाराणसीमधितिष्ठतः पर-महंसपरिव्राजकाचार्य्यस्य सरस्वतीपदलाञ्छनस्य श्रीमद्भास्करानन्दस्वामिनः कृतिरनुभूतिविवरणादर्श-

शास्त्रं तदीयं पुण्यचरितञ्च लोकशिक्षायै मया प्रकाश्यते । तथाचोक्तं महाभारते अनुशासनपर्व्वणि —"महात्मनाञ्च चरितं श्रोतव्यं नित्यमेव हि" । ओं तत् सत् ।

—

Indira Gandhi National
Centre for the Arts

# পূর্ব্বাভাসঃ।

ইহ খলু বিশালে ব্রহ্মাণ্ডে সঙ্খ্যাতীতা জীবা নিবসন্তি, তেষু মানবা এব শ্রেষ্ঠাঃ। যতো ধর্ম্মার্থকামা মানবৈরেব সাধ্যন্তে। তেষু ধর্ম্ম এব প্রধানম্। যতস্তত্ত্বজ্ঞানম্ আত্যন্তিকী দুঃখনিবৃত্তিশ্চ, স ধর্ম্মো ন খলু মনুষ্যেতরৈঃ সাধয়িতুং শক্যঃ। অতএব মহাজনবাক্যম্—"ধর্ম্মেণ হীনাঃ পশুভিঃ সমানাঃ" ইতি। ধর্ম্মমেবাতঃ পরমং পুরুষার্থমাহুঃ। যেন পূর্ব্বস্মিন্ জন্মনি যাদৃশং সুকৃতং দুষ্কৃতং বানুষ্ঠিতং, স কিল জন্মান্তরে তাদৃশং ফলং লভতে। সংসারেঽস্মিন্ প্রাক্তনকর্ম্মফলানুসারিণো মানবা ভিন্নপথা দৃশ্যন্তে। কোঽপি অর্থাকাঙ্ক্ষী, কোঽপি কামাকাঙ্ক্ষী; মোক্ষাকাঙ্ক্ষী জীবো বিরল এব। পরং মোক্ষাকাঙ্ক্ষী মহাপুরুষঃ অস্মাদৃশামবশ্যমুপজীব্যঃ। তদিদং মুমুক্ষোস্তস্য ভগবতো বারাণসীমধিতিষ্ঠতঃ পরমহংসপরিব্রাজকাচার্য্যস্য

Indira Gandhi National Centre for the Arts

সরস্বতীপদলাঞ্ছনস্য শ্রীমদ্ভাস্করানন্দস্বামিনঃ কৃতি-রনুভূতিবিবরণাদর্শশাস্ত্রং তদীয়ং পুণ্যচরিতঞ্চ লোকশিক্ষায়ৈ ময়া প্রকাশ্যতে। তথাচোক্তং মহাভারতে অনুশাসনপর্ব্বণি—"মহাত্মনাঞ্চ চরিতং শ্রোতব্যং নিত্যমেব হি"। ওঁ তৎ সৎ।

Indira Gandhi National
Centre for the Arts

# পূর্ব্বাভাস।

এই বিশাল ব্রহ্মাণ্ড সঙ্খ্যাতীত জীবের বাসভূমি। তন্মধ্যে মানবই শ্রেষ্ঠ। যেহেতু ধর্ম্ম, অর্থ ও কাম মানবেরই লভ্য। তাহার মধ্যে ধর্ম্মই প্রধান। তত্ত্বজ্ঞান ও আত্যন্তিক দুঃখনিবৃত্তিরূপ সেই ধর্ম্ম মনুষ্যেতর প্রাণীরা লাভ করিতে সমর্থ নহে। অতএব মহাজনেরা বলেন—"ধর্ম্মহীন ব্যক্তিরা পশুর তুল্য"। এই হেতু ধর্ম্মই পরম পুরুষার্থ বলিয়া উক্ত হইয়া থাকে। যিনি পূর্ব্বজন্মে যেরূপ সুকৃত বা দুষ্কৃত করেন, তিনি জন্মান্তরে সেইরূপ ফল লাভ করেন। এই সংসারে পূর্ব্বজন্মের কর্ম্মফলানুসারে মানবগণকে বিভিন্নপথানুগামী দেখিতে পাওয়া যায়। কেহ অর্থাকাঙ্ক্ষী, কেহ বা কামলিপ্সু; কিন্তু ইহাদের মধ্যে মোক্ষার্থী জীব বিরল। কিন্তু মোক্ষার্থী মহাপুরুষই আমাদের তত্ত্বজ্ঞানানুশীলনের আদর্শ হওয়া উচিত। অতএব আমি সেই মুমুক্ষু যতি বারাণসীস্থ ভগবান্ শ্রীমৎস্বামী ভাস্করানন্দ সরস্বতীর কৃত অনুভূতি-বিবরণাদর্শ-শাস্ত্র ও তাঁহার পুণ্য-চরিত লোকশিক্ষার নিমিত্ত প্রকাশ করিতেছি। মহাভারতের অনুশাসনপর্ব্বেও উক্ত আছে যে, "নিত্যই মহাত্মাদের চরিত শ্রবণ করিবে"। ইতি।

Indira Gandhi National Centre for the Arts

# स्वामि-चरितम्।

भारतेऽस्मिन् ब्रह्मर्षीणां वासभूमिः कान्यकुब्जो नाम जनपदोऽतीव पवित्रः। तत्र कानपुरविभाग-मध्ये मैथिलालपुरं किल विद्याचर्च्चया कवीनां जन्मना च सर्व्वत्र विश्रुतम्। तत्र बहवो विप्रा निवसन्ति। तेषामतीवपूज्यकुले हिमकरनाम-धेयः कश्चित् ब्राह्मणो जन्म परिजग्राह। स किल शाण्डिल्यगोत्रीयः सामवेदान्तर्गतकौथुमशाखाध्यायी च आसीत्। तस्य मिश्रिलाली नाम तनयो बभूव। नवत्यधिकाष्टादशविक्रमाब्दे आश्विने मासि शुक्ल-पक्षे सप्तम्यामर्द्धरात्रे मिश्रिलालस्य श्रीमन्मतिराम-नामा पुत्रोऽजनि। न केवलं बालकस्यास्य पितृ-कुलमेव पूज्यम्, अपिच मातामहवंशोऽपि कान्य-कुब्जब्राह्मणानामतीव माननीयः। अचिरप्रसूत-स्यास्य बालस्य मातामहो नाम्ना मणिरामपण्डितो न्यायदर्शनेषु गौतम इवापर आसीत्। गर्भादष्टमे वर्षे कृतोपनयनस्य श्रीमन्मतिरामस्य यथाविधि

Indira Gandhi National Centre for the Arts

वेदारम्भादिकं बभूव । ततः स पाणिनीयं व्याकरण-मध्येतुमुपचक्रमे । द्वादशवर्षदेशीयस्य चास्य परिणयक्रिया सम्पन्ना । ततश्चायं महात्मा नवभि-रेव वर्षैः निजग्रामे वाराणस्याञ्चावस्थाय वार्त्तिक-भाष्यादिसहितं समग्रमेव पाणिनीयं व्याकरणं परि-समाप्य काव्यकोषादिकं पठितवान् । अष्टादशवर्ष-देशीयस्य चास्य एकस्तनयः सञ्जातः । तदानीं द्वितीयाश्रमस्य फलं पुत्त्रमुखं विलोक्य प्राक्तनसंस्कार-प्रभावात् संसारानुरागे विनष्टे श्रीमन्मतिरामो गृहात् वहिर्गन्तुं मनोरथं चक्रे । अहो वार्द्धक्येऽपि नृणां वासना न क्षयमापद्यते, अस्य महात्मनस्तु यौवनेऽपि यदीदृक्तत्त्वज्ञानस्योदयोऽभूत्, तत्र पूर्व्व-जन्मार्जितपुण्यबलमेव कारणं प्रतिभाति ।

अथ स महात्मा यदृच्छया उज्जयिनीं नगरीं जगाम । कियन्तं कालं तत्रावस्थाय द्वारकानगरी-मुपागतः । तत्र तीर्थोचितानि कार्य्याणि सम्पाद्य गुर्ज्जरमालवप्रभृतीन् जनपदान् पर्य्यटन् तत्र तत्र पुण्याश्रमांश्च दृष्ट्वा भूयोऽपि महाकालनगरीम्

उज्जयिनीम् आससाद। ततो गच्छता कालेन स यतीन्द्रो वेदान्तानुशीलनेन योगाभ्यासेन ब्रह्मोपासनया च कमपि शान्तपावनं कान्तिविशेषं लेभे। बहुभिर्विचारैर्हृदयात् रजस्तमोविकारे विदूरिते तस्य चतुर्थाश्रमस्य सन्न्यासस्य परिग्रहे वासना समुदिता।

आभिर्घटनापरम्पराभिर्ज्ञायते,यदनेन महात्मना यथाक्रममाश्रमचतुष्टयं प्रतिपालितमासीत्। वेदारम्भादारभ्य प्रथमाश्रमः ब्रह्मचर्य्येण सफलतां नीतः। ततः पुत्त्रमुखावलोकनं यावत् गार्हस्थ्यविधिना द्वितीयाश्रमः समतीतस्तस्मात् परं सन्न्यासग्रहणात् प्राक् तीर्थाटनसमये तस्य वानप्रस्थोचितमनुष्ठानं बभूव। हरिद्वारावस्थानकाले पाटलिपुत्त्रान्तर्गत-राघोपुरनिवासिनः अनन्तरामनामधेयादेकस्मात् शाकद्वीपि-ब्राह्मणात् प्रस्थानत्रितयं—(गीताभाष्यं, शारीरकसूत्रभाष्यं, सभाष्यदशोपनिषदञ्च)—अधीतवान्।

चतुर्व्विंशतिवर्षदेशीयस्यायम् उज्जयिन्यां दाक्षि-

णात्य-श्रीमत्पूर्णानन्दस्वामिनः परमहंसात् सन्यासं दण्डकमण्डलू च जग्राह। पूर्व्वाश्रमेण सार्द्धं मतिराम इति पूर्व्वनाम परिहाय श्रीभास्करानन्द इति अभिनवनाम्ना च शुशुभे। ततः स काशीप्रयागहरिद्वारहृषीकेशादिषु तीर्थेषु पर्य्यटितुं प्रचक्रमे। वद्रिनाथतीर्थगमनसमये यदृच्छया वारमेकं स्वजन्मभूमिं मैथिलालपुरं समासाद्य निःसङ्ग एव मातापित्रोर्नयनातिथिर्बभूव। ततश्च स्वेच्छया दण्डकमण्डलू कौपीनञ्च परिहाय महात्मा स्वामी दिगम्बरो बभूव।

Indira Gandhi National
Centre for the Arts

इदानीं स महात्मा वाराणस्यां दुर्गाकुण्डस्य पूर्व्वस्यामानन्दवागाख्यं स्थानमधितिष्ठति। प्रत्यहं बहुशो नरपतीनां मुकुटमणिकिरणजालैस्तस्य पादयुगलमुद्भासितं भवति। स किलापरविश्वेश इव सर्व्वैः परिपूज्यमानोऽवतिष्ठते। जगतीतले समुच्चैः सम्मानाः, उपादेयानि भोग्यवस्तूनि, अन्यानि च यानि पार्थिवसुखसाधनानि सन्ति, महात्मनोऽस्य स्वामिनस्तेषां कोऽप्यभावो नास्ति ; परं तेषु तस्य न

मनागपि स्पृहा दृश्यते। संसारस्य - आपातरम्याः पदार्थास्तस्य चित्ताकर्षणे न शक्नुवन्ति। स्पृशन्ति नैनं स्तुतिनिन्दाः सुखानि दुःखानि वा जीवलोकस्य। अस्य किल महात्मनो निर्व्विकारस्य आत्मानात्मविचारः पूज्यपूजकभेदो वा नास्ति, सदात्ममध्ये परब्रह्मणः सत्तां विलोकयन् योगानन्दमनुभवति। अधुना तस्य महात्मनः स्वामिनो वयः-परिमाणम् एकषष्टिवर्षमात्रम्।

Indira Gandhi National
Centre for the Arts

---

# স্বামি-চরিতম্।

ভারতেঽস্মিন্ ব্রহ্মর্ষীণাং বাসভূমিঃ কান্যকুব্জো নাম জনপদোঽতীব পবিত্রঃ। তত্র কানপুরবিভাগমধ্যে মৈথিলালপুরং কিল বিদ্যাচর্চ্চয়া কবীনাং জন্মনা চ সর্ব্বত্র বিশ্রুতম্। তত্র বহবো বিপ্রা নিবসন্তি। তেষামতীবপূজ্যকুলে হিমকরনামধেয়ঃ কশ্চিৎ ব্রাহ্মণো জন্ম পরিজগ্রাহ। স কিল শাণ্ডিল্যগোত্রীয়ঃ সামবেদান্তর্গতকৌথুমশাখাধ্যায়ী চ আসীৎ। তস্য মিশ্রিলালো নাম তনয়ো বভূব। নবত্যধিকাষ্টাদশবিক্রমাব্দে আশ্বিনে মাসি শুক্লপক্ষে সপ্তম্যামর্দ্ধরাত্রে মিশ্রিলালস্য শ্রীমন্মতিরামনামা পুত্রোঽজনি। ন কেবলং বালকস্যাস্য পিতৃকুলমেব পূজ্যম্, অপিচ মাতামহবংশোঽপি কান্যকুব্জব্রাহ্মণানামতীব মাননীয়ঃ। অচিরপ্রসূতস্যাস্য বালস্য মাতামহো নাম্না মণিরামপণ্ডিতো ন্যায়দর্শনেষু গৌতম ইবাপর আসীৎ। গর্ভাদষ্টমে বর্ষে

কৃতোপনয়নস্থ শ্রীমন্মতিরামস্য যথাবিধি বেদা-রম্ভাদিকং ৰভূব। ততঃ স পাণিনীয়ং ব্যাকরণ-মধ্যেতুমুপচক্রমে। দ্বাদশবর্ষদেশীয়স্থ চাস্য পরিণয়ক্রিয়া সম্পন্না। ততশ্চায়ং মহাত্মা নবভিরেব বর্ষৈঃ নিজগ্রামে বারাণস্যাঞ্চাবস্থায় বার্ত্তিকভাষ্যাদিসহিতং সমগ্রমেব পাণিনীয়ং ব্যাকরণং পরিসমাপ্য কাব্যকোষাদিকং পঠিতবান্। অষ্টাদশবর্ষদেশীয়স্য চাস্য একস্তনয়ঃ সঞ্জাতঃ। তদানীং দ্বিতীয়াশ্রমস্য ফলং পুত্রমুখং বিলোক্য প্রাক্তনসংস্কারপ্রভাবাৎ সংসারানুরাগে বিনষ্টে শ্রীমন্মতিরামো গৃহাৎ বহির্গন্তুং মনোরথং চক্রে। অহো বার্দ্ধক্যেঽপি নৃণাং বাসনা ন ক্ষয়মাপদ্যতে, অস্য মহাত্মনস্তু যৌবনেঽপি যদীদৃক্তত্ত্বজ্ঞানস্যোদয়োঽভূৎ, তত্র পূর্ব্বজন্মা-র্জ্জিতপুণ্যৰলমেব কারণং প্রতিভাতি।

অথ স মহাত্মা যদৃচ্ছয়া উজ্জয়িনীং নগরীং জগাম। কিয়ন্তং কালং তত্রাবস্থায় দ্বারকানগরী-মুপাগতঃ। তত্র তীর্থোচিতানি কার্য্যাণি সম্পাদ্য

গুর্জ্জরমালবপ্রভৃতীন্ জনপদান্ পর্য্যটন্ তত্র তত্র পুণ্যাশ্রমাংশ্চ দৃষ্ট্বা ভূয়োঽপি মহাকাল-নগরীম্ উজ্জয়িনীম্ আসসাদ। ততো গচ্ছতা কালেন স যতীন্দ্রো বেদান্তানুশীলনেন যোগাভ্যাসেন ব্রহ্মোপাসনয়া চ কমপি শান্তপাবনং কান্তিবিশেষং লেভে। বহুভির্বিচারৈর্হৃদয়াৎ রজস্তমোবিকারে বিদূরিতে তস্য চতুর্থাশ্রমস্য সন্ন্যাসস্য পরিগ্রহে বাসনা সমুদিতা।

আভির্ঘটনাপরম্পরাভির্জ্ঞায়তে, যদনেন মহাত্মনা যথাক্রমমাশ্রমচতুষ্টয়ং প্রতিপালিতমাসীৎ। বেদারম্ভাদারভ্য প্রথমাশ্রমঃ ব্রহ্মচর্য্যেণ সফলতাং নীতঃ। ততঃ পুত্রমুখাবলোকনং যাবৎ গার্হস্থ্যবিধিনা দ্বিতীয়াশ্রমঃ সমতীতস্তস্মাৎ পরং সন্ন্যাসগ্রহণাৎ প্রাক্ তীর্থাটনসময়ে বানপ্রস্থোচিতমনুষ্ঠানং বভূব। হরিদ্বারাবস্থানকালে পাটলিপুত্রান্তর্গতরাঘোপুরনিবাসিনঃ অনন্তরামনামধেয়াদেকস্মাৎ শাকদ্বীপি-ব্রাহ্মণাৎ প্রস্থানত্রিতয়ং



IGNCA RAR
ACC. No. R-474

(গীতাভাষ্যং, শারীরকসূত্রভাষ্যং, সভাষ্যদশোপ-নিষদঞ্চ)—অধীতবান্।

চতুর্ব্বিংশতিবর্ষদেশীয়শ্চায়ম্ উজ্জয়িন্যাং দাক্ষি-ণাত্য শ্রীমৎপূর্ণানন্দস্বামিনঃ পরমহংসাৎ সন্ন্যাসং দণ্ডকমণ্ডলূ চ জগ্রাহ। পূর্ব্বাশ্রমেণ সার্দ্ধং মতিরাম ইতি পূর্ব্বনাম পরিহায় শ্রীভাস্করানন্দ ইতি অভিনবনাম্না চ শুশুভে। ততঃ স কাশী-প্রয়াগহরিদ্বারহৃষীকেশাদিষু তীর্থেষু পর্য্যটিতুং প্রচক্রমে। বদ্রিনাথতীর্থগমনসময়ে যদৃচ্ছয়া বার-মেকং স্বজন্মভূমিং মৈথিলালপুরং সমাসাদ্য নিঃ-সঙ্গ এব মাতাপিত্রোর্নয়নাতিথির্ব্বভূব। ততশ্চ স্বেচ্ছয়া দণ্ডকমণ্ডলূ কৌপীনঞ্চ পরিহায় মহাত্মা স্বামী দিগম্বরো ব্বভূব।

ইদানীং স মহাত্মা বারাণস্যাং দুর্গাকুণ্ডাৎ পূর্ব্বস্যামানন্দবাগাখ্যং স্থানমধিতিষ্ঠতি। প্রত্যহং বহুশো নরপতীনাং মুকুটমণিকিরণজালৈস্তস্য পাদযুগলমুদ্ভাসিতং ভবতি। স কিলাপরবিশ্বেশ ইব সর্ব্বৈঃ পরিপূজ্যমানোঽবতিষ্ঠতে। জগতী-

তলে সমুচ্চৈঃ সম্মানাঃ; উপাদেয়ানি ভোগ্য-বস্তূনি, অন্যানি চ যানি পার্থিবসুখসাধনানি সন্তি, মহাত্মনোঽস্য স্বামিনস্তেষাং কোঽপ্যভাবো নাস্তি; পরং তেষু তস্য ন মনাগপি স্পৃহা দৃশ্যতে। সংসারস্য আপাতরম্যাঃ পদার্থাস্তস্য চিত্তাকর্ষণে ন শক্নুবন্তি। স্পৃশন্তি নৈনং স্তুতি-নিন্দাঃ সুখানি দুঃখানি বা জীবলোকস্য। অস্য কিল মহাত্মনো নির্ব্বিকারস্য আত্মানাত্মবিচারঃ পূজ্যপূজকভেদো বা নাস্তি। সদাত্মমধ্যে পর-ব্রহ্মণঃ সত্তাং বিলোকয়ন্ যোগানন্দমনুভবতি। অধুনা তস্য মহাত্মনঃ স্বামিনো বয়ঃ-পরিমাণম্ একষষ্টিবর্ষমাত্রম্।

—

Indira Gandhi National Centre for the Arts

# স্বামীর জীবন-চরিত্।

এই ভারতবর্ষে ব্রহ্মর্ষিদিগের বাসভূমি কান্যকুব্জ জনপদ অতিপবিত্র। তাহার কানপুরবিভাগমধ্যে মৈথিলালপুর বিদ্যাচর্চ্চা ও কবিগণের জন্মহেতু অতিপ্রসিদ্ধ। সেখানে বহুসঙ্খ্যক ব্রাহ্মণের বাস। তাঁহাদের মধ্যে অতিপূজ্য কুলে হিমকর-নামধেয় এক ব্রাহ্মণ জন্ম পরিগ্রহ করেন। তিনি শাণ্ডিল্যগোত্রীয় সামবেদান্তর্গত-কৌথুমশাখাধ্যায়ী ছিলেন। তাঁহার মিশ্রিলাল নামে পুত্র জন্মিয়াছিলেন। ১৮৯০ সংবতে আশ্বিন মাসের শুক্লপক্ষীয় সপ্তমী তিথিতে অর্দ্ধরাত্র-সময়ে মিশ্রিলালের শ্রীমন্মতিরাম-নামা পুত্র জন্ম গ্রহণ করেন। কেবল যে এই বালকের পিতৃকুলই পূজ্য, তাহা নহে; ইহাঁর মাতামহ-বংশও কান্যকুব্জ ব্রাহ্মণদিগের মধ্যে অতিশয়-মাননীয়। অচিরপ্রসূত এই বালকের মাতামহের নাম মণিরাম পণ্ডিত; ইনি ন্যায়দর্শনে গৌতমের ন্যায় ছিলেন। গর্ভ হইতে অষ্টম বর্ষে শ্রীমান্ মতিরামের উপনয়ন হইলে যথাবিধি বেদারম্ভ হইয়াছিল। অনন্তর তিনি পাণিনীয় ব্যাকরণ অধ্যয়নে প্রবৃত্ত হন। দ্বাদশবর্ষ বয়ঃক্রমকালে ইহাঁর পরিণয়-ক্রিয়া

সম্পন্ন হয়। তাহার পর এই মহাত্মা নয়বর্ষ মধ্যে নিজ গ্রামে ও বারাণসীতে অবস্থানপূর্ব্বক বার্ত্তিক-ভাষ্যাদি-সহিত সমগ্র পাণিনীয়-ব্যাকরণ পরিসমাপ্ত করত কাব্যকোষাদি অধ্যয়ন করিয়াছিলেন। অষ্টাদশ-বর্ষ বয়সে ইহাঁর এক পুত্র উৎপন্ন হয়। তদানীং দ্বিতীয় আশ্রমের ফলস্বরূপ পুত্রমুখ বিলোকন করিয়া প্রাক্তন-সংস্কার-প্রভাবে সংসারানুরাগ বিনষ্ট হইলে শ্রীমান্ মতিরাম গৃহ হইতে বহির্গত হইতে অভিলাষী হইলেন। হায়! বার্দ্ধক্যেও মানবের বাসনা ক্ষয় প্রাপ্ত হয় না, আর এই মহাত্মার যৌবনেই যে ঈদৃশ তত্ত্বজ্ঞানের উদয় হইল, তদ্বিষয়ে পূর্ব্বজন্মার্জ্জিত পুণ্যবলই কারণ বলিয়া বোধ হয়।

অনন্তর এই মহাত্মা যদৃচ্ছাক্রমে উজ্জয়িনী নগরীতে উপনীত হইলেন। কিয়ৎকাল সেখানে অবস্থানপূর্ব্বক দ্বারকা নগরীতে উপস্থিত হইয়াছিলেন। সেখানে তীর্থোচিত কার্য্য সকল সম্পাদন করত গুর্জ্জর, মালব প্রভৃতি জনপদ পর্য্যটন-প্রসঙ্গে তত্তদ্দেশের পুণ্যাশ্রম-সমূহ সন্দর্শন করিয়া পুনরায় মহাকাল-নগরী উজ্জয়িনীতে সমাগত হইলেন। অনন্তর কিছুকাল পরে সেই মহাত্মা বেদান্তের অনু-

শীলন, যোগাভ্যাস ও ব্রহ্মোপাসনা দ্বারা কেমন এক শান্তপাবন কান্তিবিশেষ লাভ করিয়াছিলেন। বহু বিচার দ্বারা হৃদয়ের রজঃ এবং তমোগুণের বিকার বিদূরিত হইলে তাঁহার চতুর্থ আশ্রম সন্ন্যাস পরিগ্রহে বাসনা উদিত হইয়াছিল।

এই সকল ঘটনা-পরম্পরায় জ্ঞাত হওয়া যায় যে, এই মহাত্মার পর্য্যায়ক্রমে চারিটী আশ্রমই প্রতিপালিত হইয়াছিল। বেদারম্ভ হইতে প্রথম আশ্রম ব্রহ্মচর্য্য দ্বারা সফল হয়, অনন্তর পুত্রমুখাবলোকন পর্য্যন্ত গার্হস্থ্য-বিধি দ্বারা দ্বিতীয় আশ্রম অতীত-হয়, তাহার পর সন্ন্যাস-গ্রহণের পূর্ব্ব পর্য্যন্ত তীর্থ-পরিভ্রমণ-কালে বানপ্রস্থোচিত কার্য্য অনুষ্ঠিত হইয়াছিল। অনন্তর হরিদ্বারাবস্থান-কালে পাটলিপুত্রের অন্তর্গত রাঘোপুর-নিবাসী অনন্তরাম-নামধেয় এক শাকদ্বীপী ব্রাহ্মণ হইতে প্রস্থানত্রয় (অর্থাৎ গীতাভাষ্য, শারীরক-সূত্র-ভাষ্য ও সভাষ্যদশোপনিষৎ) অধ্যয়ন করিয়াছিলেন।

চতুর্ব্বিংশ বর্ষে উজ্জয়িনী-ধামে দাক্ষিণাত্য শ্রীমান্ পূর্ণানন্দ স্বামী নামক পরমহংসের নিকট সন্ন্যাস ও দণ্ডকমণ্ডলু পরিগ্রহ করেন এবং পূর্ব্বাশ্রমের সহিত

'মতিরাম' এই পূর্ব্ব নামও পরিত্যাগপূর্ব্বক 'শ্রীভাস্করানন্দ' এই অভিনব নাম দ্বারা সুশোভিত হন। অনন্তর কাশী, প্রয়াগ, হরিদ্বার, হৃষীকেশাদি তীর্থ পর্য্যটন করিতে প্রবৃত্ত হন। বদ্রিনাথ-তীর্থ-গমন-সময়ে যদৃচ্ছাক্রমে একবার স্বীয়জন্মভূমি মৈথিলালপুরে উপস্থিত হইয়া নিঃসঙ্গভাবে জনক জননীর নয়নের অতিথি হইয়াছিলেন। অনন্তর স্বেচ্ছাক্রমে দণ্ডকমণ্ডলু ও কৌপীন পরিহারপূর্ব্বক মহাত্মা স্বামী দিগম্বর হইলেন।

এখন মহাত্মা স্বামী বারাণসী-ধামে দুর্গাকুণ্ডের পূর্ব্বভাগে আনন্দবাগে অবস্থান করিতেছেন। প্রত্যহ কত কত নরপতির মুকুট-মণি-কিরণে তাঁহার পাদযুগল উদ্ভাসিত হইতেছে। সেই মহানুভব অপর বিশ্বেশ্বরের ন্যায় সর্ব্বসাধারণকর্ত্তৃক পূজিত হইয়া কাল কর্ত্তন করিতেছেন। জগতে উচ্চ সম্মান, উপাদেয় ভোগ্য ও অন্যান্য যাহা কিছু পার্থিব সুখসাধনের বস্তু আছে, এই মহাত্মা স্বামীর তাহার কোন বস্তুরই অভাব নাই; কিন্তু সে সমুদায়ের প্রতি তাঁহার কিছুমাত্র স্পৃহা দৃষ্ট হয় না। সংসারের আপাতরম্য পদার্থনিচয় তাঁহার চিত্ত আকর্ষণে সমর্থ নহে। জীবলোকের স্তুতি-নিন্দা

Indira Gandhi National Centre for the Arts

বা সুখ-দুঃখ সেই মহাত্মাকে স্পর্শ করিতে পারে না। এই মহাত্মার আত্মনাত্ম-বিচার বা পূজ্যপূজক-ভেদ নাই। তিনি সদা আত্মার মধ্যে পরব্রহ্মের সত্তা বিলোকন করিয়া যোগানন্দ অনুভব করেন। সম্প্রতি এই মহাত্মা স্বামীর বয়সের পরিমাণ একষষ্টিবর্ষ মাত্র।

Indira Gandhi National
Centre for the Arts

# अनुभूतिविवरणादर्शः ।

श्रीगणेशाय नमः ।

यदा कदानन्दवनेऽविमुक्तके
विमुक्तिरागेण मनोऽनुरञ्जयन् ।
विमुक्तनानामतिवादवासनो
विचारचारादिदमेव भावये ॥ १ ॥

Centre for the Arts

श्रीगणेशाय नमः ।

## भाष्यम् ।

सरलत्वान्न नीयेत यथार्थान्तरमित्यतः ।
क्वचिदेवातिसङ्क्षेपात् स्वाशयः स्वयमुच्यते ॥

शिवेन कदाप्यपरित्यक्तत्वादविमुक्तं काशी-क्षेत्रम् अभावपरिणामाऽस्पर्शित्वेन सदाशिवस्वरूप-

स्यात्यक्तत्वाद्ब्रह्म वा। आनन्दवनमानन्दप्रचुरत्वात् काशी तत्रत्यदुर्गाकुण्डसमीपवर्त्तिवाटिकाविशेषो वाऽखण्डानन्दस्वरूपं वा। तत्र यदा कदाचित् नानामतिर्द्वैतबुद्धिस्तया यो विवादस्तद्वासना येन त्यक्ता सोऽहम्। चारः आचारः प्रवृत्तिः विचार-प्रवृत्तेर्हेतोः। मुक्तिरङ्गेण मनो रक्तं कुर्व्वन्निदं वक्ष्यमाणमेव ध्यायामीत्यर्थः॥ १॥

যদা কদানন্দবনেঽবিমুক্তকে
বিমুক্তিরাগেণ মনোঽনুরঞ্জয়ন্।
বিমুক্তনানামতিবাদবাসনো
বিচারচারাদিদমেব ভাবয়ে॥ ১॥

শ্রীগণেশায় নমঃ।

# ভাষ্যম্।

সরলত্বান্ন নীয়েত যথার্থান্তরমিত্যতঃ।
ক্বচিদেবাতিসঙ্ক্ষেপাৎ স্বাশয়ঃ স্বয়মুচ্যতে॥

শিবেন কদাপ্যপরিত্যক্তত্বাদবিমুক্তং কাশী-ক্ষেত্রম্ অভাবপরিণামাহস্পর্শিত্বেন সদাশিব-স্বরূপস্যাত্যক্তত্বাদ্‌ব্রহ্ম বা। আনন্দবনমানন্দ-প্রচুরত্বাৎ কাশী তত্রত্যদুর্গাকুণ্ডসমীপবর্ত্তিবাটিকা-বিশেষো বাহখণ্ডানন্দস্বরূপং বা। তত্র যদা কদাচিৎ নানামতির্দ্বৈতবুদ্ধিস্তয়া যো বিবাদ-স্তদ্বাসনা যেন ত্যক্তা সোহহম্। চারঃ আচারঃ প্রবৃত্তিঃ বিচারপ্রবৃত্তের্হেতোঃ। মুক্তিরঙ্গেণ মনো রক্তং কুর্ব্বন্নিদং বক্ষ্যমাণমেব ধ্যায়া-মীত্যর্থঃ ॥ ১ ॥

Indira Gandhi National Centre for the Arts

## বঙ্গানুবাদ।

বিশ্বেশ্বর কখনও যে স্থান পরিত্যাগ করেন না, সেই কাশীক্ষেত্রে অবস্থিত আনন্দবনে বাস করত সংসারানুরাগ বিমোচন দ্বারা চিত্ত বিনোদনপূর্ব্বক দ্বৈতবুদ্ধি পরিহার করিয়া বিচার-প্রবৃত্তি-হেতু আমি (ভাস্করানন্দ) এইরূপ চিন্তা করিতেছি।

## ভাব-ব্যাখ্যা ।

আমি বারাণসী-ধামস্থ আনন্দবাগে অবস্থান করি। এই মায়াময় সৃষ্টিপ্রপঞ্চের উপর যে অনাস্থা, তাহাই আমার মানসিক অবলম্বন হইয়াছিল, অনন্তর আমার দ্বৈতবুদ্ধি অর্থাৎ জীবাত্মার ও পরমাত্মার ভেদ অথবা বাহ্য এবং আভ্যন্তর পদার্থের অস্তিত্ব-বোধ বিনষ্ট হইলে, আমার আত্মতত্ত্ব-বিচারে প্রবৃত্তি হয়, সুতরাং এইরূপ ভাবনা আমার মনোমধ্যে উদিত হয়।

## আধ্যাত্মিক ভাব।

অদ্বৈত অমৃতময় ব্রহ্মানন্দ ভোগ করিতে করিতে আমার জীবাত্মা-পরমাত্মার ভেদ-জ্ঞান তিরোহিত হয়, সুতরাং বক্ষ্যমাণ ভাবের বিকাশ হইতে থাকে।

## हिन्दी अनुवाद।

महादेव विश्वेश्वर कभी जिस स्थानको परित्याग नहीं करते हैं इसीमाफिक काशीस्थ आनन्द-वन यो है। वहां पर अवस्थान करके संसारकी

माया परित्याग द्वारा अपने चित्त विनोदन हेतुक द्वैतबुद्धि छोड़के विचारप्रवृत्ति होनेके वास्ते हम भास्करानन्द इसीमाफिक चिन्तना करते हैं ॥ १ ॥

सकलं जगदेतदपूर्व्वपदं
जड़वार्व्वनलानिलभूतमयम्।
दुरतिक्रमकालजवेन सदा
परिणामि नयामि तदादरणम् ॥२॥

Indira Gandhi National
Centre for the Arts

भाष्यम्।

अथ सतां विचारगोचरतां सत् प्रियतममेवाहं-तीति सर्व्वस्यात्मार्थत्वादात्मनश्चानन्यार्थत्वात्प्रियमात्मानं विचारयति सकलमिति। सकलं सावयवम्। जड़चतुर्भूतकार्य्यम्। दुरत्ययकालवेगेनानुक्षणं परिणामि। तथा सृष्टेः पुराऽसङ्कचिदन्याभावान्न पूर्व्वं कारणं यस्य तच्च तत्पदं गम्यमानमतस्तस्मिन्नी-

ईदृशे जगत्याऽऽदरणमास्थां न करोमि। मिथ्या-
सङ्घातो नात्मेति भावः ॥ २ ॥

সকলং জগদেতদপূর্ব্বপদং
জড়বার্ভ্বনলানিলভূতময়ম্ ।
দুরতিক্রমকালজবেন সদা
পরিণামি নয়ামি তদাদরণম্ ॥২॥

Indira Gandhi National Centre for the Arts

ভাষ্যম্ ।

অথ সতাং বিচারগোচরতাং সৎ প্রিয়তমমেবার্হতীতি সর্ব্বস্যাত্মার্থত্বাদাত্মনশ্চানন্যার্থত্বাৎ প্রিয়মাত্মানং বিচারয়তি সকলমিতি। সকলং সাবয়বম্। জড়চতুর্ভূতকার্য্যম্। দুরত্যয়কালবেগেনানুক্ষণং পরিণামি। তথা সৃষ্টেঃ পুরাঽসঙ্গচিদন্যাভাবান্ন পূর্ব্বং কারণং যস্য তচ্চ তৎপদং গম্যমানমতস্তস্মিন্নীদৃশে জগত্যাদরণমাস্থাং ন করোমি। মিথ্যাসঙ্ঘাতো নাত্মেতি ভাবঃ ॥২॥

## বঙ্গানুবাদ।

জল, ভূমি, অগ্নি ও বায়ুর সমষ্টিস্বরূপ এই সাবয়ব জগৎ স্থষ্টির পূর্ব্বে ছিল না এবং দুরতিক্রমণীয় কাল-প্রভাবে নিয়তই ইহার পরিবর্ত্তন সাধিত হইতেছে। অতএব ঈদৃশ পরিবর্ত্তনশীল জগতে আমি কোনমতেই আস্থা স্থাপন করিতে পারি না।

## ভাব-ব্যাখ্যা।

এই জগৎ অনিত্য; কেননা ইহা অগ্নি, বায়ু, জল ও ভূমির সমষ্টিমাত্র। আর কালের অনিবার্য্য নিয়মের বশে নিয়ত ইহার অবস্থান্তর হইতেছে। অতএব ঈদৃশ চঞ্চল জগতের প্রতি সংসারের রহস্যজ্ঞ ব্যক্তির কিরূপে আস্থা হইতে পারে?

## আধ্যাত্মিক ভাব।

যাঁহার সেই নিত্য সৎস্বরূপ ব্রহ্মে অন্তঃকরণের বৃত্তি দৃঢ় হইয়াছে, তিনি অনিত্য বস্তুতে মুগ্ধ হন না।

## हिन्दी अनुवाद।

जल भूमि अग्नि वायुका समष्टि यही जगत् सृष्टिका आगाड़ी नही था। दुरतिक्रमणीय कालका प्रभावसे इसका हरवक्त परिवर्तन होता है। अतएव इसीमाफिक जगत्का पर हम आस्था करने नही सकते हैं ॥ २ ॥

जड़जागतवस्तुमयीषु सदा
धिषणासु चितिः स्फुरतीव तदा।
अपहाय जडं स्फुरणं त्वजड़ं
विततैकविधं हि कदास्मि न तत् ॥३॥

## भाष्यम्।

स्थूलारुन्धतीन्यायेनात्मानं लक्षयितुमाह जड़ेति। सदानुक्षणं घटादि जड़जगद्वस्त्वाकारधीवृत्तिषु चित् प्रतिविम्बतीवाक्रियत्वादसङ्गत्वाच्च। तदा घट-घटाकार-वृत्त्यादि जड़ं त्यक्त्वा स्फुरणोपलक्षितं

চেতনং বোধস্তু হি যতোঽখণ্ডৈকরূপম্। তথাচ তদাত্মাহং কদা নাস্মি কিন্তু সদাস্মি। বোধ এবাত্মেতি ভাবঃ॥ ২॥

জড়জাগতবস্তুময়ীষু সদা
ধিষণাস্থ চিতিঃ স্ফুরতীব তদা।
অপহায় জড়ং স্ফুরণং ত্বজড়ং
বিততৈকবিধং হি কদাস্মি ন তৎ॥৩॥

ভাষ্যম্।

স্থূলারুন্ধতীন্যায়েনাত্মানং লক্ষয়িতুমাহ জড়েতি। সদানুক্ষণং ঘটাদি-জড়জগদ্বস্ত্বাকারধীবৃত্তিষু চিৎ প্রতিবিম্বতীবাক্রিয়ত্বাদসঙ্গত্বাচ্চ। তদা ঘট-ঘটাকার-বৃত্ত্যাদি জড়ং ত্যক্ত্বা স্ফুরণোপলক্ষিতং চেতনং বোধস্তু হি যতোঽখণ্ডৈকরূপম্। তথাচ তদাত্মাহং কদা নাস্মি কিন্তু সদাস্মি। বোধ এবাত্মেতি ভাবঃ॥ ৩॥

## বঙ্গানুবাদ।

সর্ব্বদা জড় জগতের বস্তুজ্ঞানময়ী যে বুদ্ধিবৃত্তি, সে ঘট পট প্রভৃতির আকার আমাদের চিত্তে প্রতিবিম্বিত করিয়া দিতেছে। যখন আমরা এই জড়বুদ্ধি পরিহার করিতে পারিব, তখন জড়াতীত ব্যাপনশীল আত্মা আমাদের অন্তঃকরণে প্রকাশিত হইবেন।

## ভাব-ব্যাখ্যা।

জড় এবং আত্মা উভয়ের ভেদ-জ্ঞান বিনষ্ট হইলে আমাদের সর্ব্ববিধ অবস্থাই আত্মময় হইবে, আত্মা ভিন্ন দ্বিতীয়-বস্তু-জ্ঞান তিরোহিত হইয়া যাইবে।

## আধ্যাত্মিক ভাব।

এ নিখিল বস্তুজাত আত্মা হইতে ভিন্ন নহে, কেবল আমাদের অজ্ঞানতাই ভেদ-জ্ঞানের কারণ। যখন হৃদয় অজ্ঞান-মুক্ত হইবে, তখন সমুদায়ই আত্মা বা ব্রহ্মরূপে আমাদের ধারণা বা প্রতীতির বিষয় হইবে।

Indira Gandhi National Centre for the Arts

## हिन्दी अनुवाद।

जो जड़पदार्थव्यापिनी बुद्धि हैं सो घट-पटादि वस्तुका स्वरूप हमलोगका मनमे प्रतिविम्बित करती हैं। जिस वकत हमलोग जड़-बुद्धिको त्याग करनेको समर्थ होवेंगे, तिसी वकत जड़पदार्थको अतिक्रम करचुका जो सर्वव्यापी आत्मा सो हमलोगके अन्तःकरणमे प्रकाशित होगए। अर्थात् तिस वकत हमलोगकी सब अवस्था आत्माही होगा, आत्मासे भिन्न जो द्वितीय वस्तुका ज्ञान सो लुप्त हो जायगा ॥ ३ ॥

मुकुरोपगमापगमान्तरितं
भवति स्फुरणं तु मुखस्य यथा।
न तथा स्थितिरस्य भवेद्विहता
समयत्रयगा खसमा हि खगा ॥ ४ ॥

## भाष्यम् ।

औपाधिकप्रतिबिम्बानित्यत्वेऽपि तदुपलक्षित-
बिम्बमविनाश्यमेवेत्याह मुकुरेति । मुखस्य स्फुर-
णन्तु मुखाकारवृत्ति चित्प्रतिबिम्बस्तु दर्पणोपसरणाप-
सरणयोर्मध्यसमये यथा प्रतीतं भवति, तथा तद्रू-
पेण त्रिकालगास्य स्थितिर्विनष्टा न सम्भवति । हि
यतः सा स्थितिः खतुल्या खादप्यतिसूक्ष्मत्वात् ख-
मध्येऽपि व्याप्ता ॥ ४ ॥

Indira Gandhi National

মুকুরোপগমাপগমান্তরিতং
ভবতি স্ফুরণং তু মুখস্য যথা ।
ন তথা স্থিতিরস্য ভবেদ্বিহতা
সময়ত্রয়গা খসমা হি খগা ॥ ৪ ॥

## ভাষ্যম্ ।

ঔপাধিকপ্রতিবিম্বানিত্যত্বেঽপি তদুপলক্ষিত-
বিম্বমবিনাশ্যমেবেত্যাহ মুকুরেতি । মুখস্য স্ফুর-

ণন্তু মুখাকারবৃত্তি চিৎপ্রতিবিম্বস্তু দর্পণোপসর-
ণাপসরণয়োর্মধ্যসময়ে যথা প্রতীতং ভবতি, তথা
তদ্রূপেণ ত্রিকালগাস্য স্থিতির্বিনষ্টা ন সম্ভবতি।
হি যতঃ সা স্থিতিঃ খতুল্যা খাদপ্যতিসূক্ষ্মত্বাৎ
খমধ্যেঽপি ব্যাপ্তা ॥ ৪ ॥

## বঙ্গানুবাদ।

দর্পণের অপসারণে যেপ্রকার মুখের প্রতিবিম্ব অন্তর্হিত হয়, এই আত্মার স্থিতি তদ্রূপ ক্ষণস্থায়িনী নহে। আকাশের ন্যায় সূক্ষ্ম হওয়ায় উহা আকাশ-মধ্যে ওতপ্রোতভাবে ব্যাপ্ত, যে হেতু আত্ম-স্থিতি কালত্রয় ব্যাপিয়া বিদ্যমান।

Indira Gandhi National Centre for the Arts

## ভাব-ব্যাখ্যা।

দর্পণখানি যতক্ষণ মুখের অগ্রভাগে ধরা যায়, ততক্ষণ উহাতে মুখের প্রতিবিম্ব দেখিতে পাওয়া যায়; দর্পণ সরাইলেই আর মুখের প্রতিকৃতি লক্ষিত হয় না। আত্মার বিদ্যমানতা তদ্রূপ ক্ষণস্থায়িনী নহে; কেননা আত্মা অতি সূক্ষ্ম হইলেও আকাশ যেমন বিশ্বব্যাপি,

এই আত্মাও সেইরূপ সংসারময় পরিব্যাপ্ত। আকাশ যেমন অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎ এই তিন কালই ব্যাপিয়া আছে, আত্মাও সেইরূপ তিন কাল ব্যাপিয়া আছেন।

## আধ্যাত্মিক ভাব।

আত্মা নিত্য সনাতন, ইহার ধ্বংস বা প্রাগ্‌ভাব নাই। ইহা সর্ব্বকালে সর্ব্বভূতে চির-বিদ্যমান।

## हिन्दी अनुवाद।

जैसे दर्पणको दूसरे स्थानमे कर देनेसे मुखकी छाया लुप्त होती है तिसी तरहसे आत्माकी स्थिति क्षणस्थायिनी नहीं होती है। आकाशका तरह सूक्ष्मत्व हेतुसे आकाशमध्यमे व्याप्त है। जिस कारणसे आत्माकी स्थिति तिन कालमे व्याप्त रहती है॥ ४॥

**मननादिदृढ़ात्त्व तु देह इव**

**स्वमतिर्यदि नास्ति गतिः कुगतिः।**

अहमेव सदा मयि नास्ति जग-
न्न च कालजवः परिभूतिभवः ॥ ५ ॥

भाष्यम् ।

निर्द्धारितनित्यात्मनः साक्षात्कारे सति विद्वद्भावनामाह मननादीति । देह इवात्रोक्तविधात्मस्वरूपे मननादिना दृढ़ाहंमतिर्यदि स्यात्तर्हि सुगतिः कुगतिर्वा नास्ति, जगदपि नास्ति, तादृशे मय्यऽनुपलम्भात् । तथा परिभूतिः परिणामस्य हेतुः कालरयोऽपि न । किन्तु सदाहमेवास्म्यद्वयमिति भावोऽभावादन्यस्यात्मन आत्मविदः ॥ ५ ॥

মননাদিদৃঢ়াত্র তু দেহ ইব
স্বমতির্যদি নাস্তি গতিঃ কুগতিঃ ।
অহমেব সদা ময়ি নাস্তি জগ-
ন্ন চ কালজবঃ পরিভূতিভবঃ ॥ ৫ ॥

## ভাষ্যম্।

নির্দ্ধারিতনিত্যাত্মনঃ সাক্ষাৎকারে সতি বিদ্বদ্ভাবনামাহ মননাদীতি। দেহ ইবাত্রোক্তবিধাত্মস্বরূপে মননাদিনা দৃঢ়াহংমতির্যদি স্যাত্তর্হি সুগতিঃ কুগতির্বা নাস্তি, জগদপি নাস্তি, তাদৃশে ময্যনুপলম্ভাৎ। তথা পরিভূতেঃ পরিণামস্য হেতুঃ কালরয়োঽপি ন। কিন্তু সদাহমেবাস্ম্যদ্বয়মিতি ভাবোঽভাবাদন্যস্যাত্মন আত্মবিদঃ॥ ৫॥

## বঙ্গানুবাদ।

দেহের ন্যায় এই আত্মাতে যদি মননাদি দ্বারা দৃঢ় অহংবুদ্ধি উৎপন্ন হয়, তাহা হইলে সুগতি, কুগতি, কিছুই থাকে না; কেবল অহম্ অদ্বিতীয় ব্রহ্ম বলিয়া নিশ্চয়াত্মক জ্ঞান জন্মে।

## ভাব-ব্যাখ্যা।

যখন মানবের দৃঢ় চিন্তা ও যোগাদি দ্বারা অহংবুদ্ধি সমুৎপন্ন হইবে, তখন সদ্গতি বা অসদ্গতি

বলিয়া কিছু পার্থক্য থাকিবে না; ‘অহং ব্রহ্ম’ ইত্যাকার নিশ্চয়-জ্ঞান জন্মিবে।

## আধ্যাত্মিক ভাব।

প্রতিনিয়ত ব্রহ্মস্বরূপে তন্ময়তা-নিবন্ধন সাধকের ব্রহ্ম-সাক্ষাৎকার-লাভ হইবে। তখন এ জগতে তিনি ব্রহ্ম ভিন্ন অন্য কিছুই দেখিতে পাইবেন না; আপনাতে কিংবা ঘট পটাদি যাবতীয় বস্তুতে ব্রহ্মসত্তা অনুভব করিবেন।

Indira Gandhi National Centre for the Arts

## हिन्दी अनुवाद।

जैसे देहमे तैसे ही आत्माके विषयमे मननादि करके दृढ़ अहंबुद्धि उत्पन्न होय तब सुगति कुगति नहीं होय केवल अहं ब्रह्म अस्मि ऐसा निश्चयात्मक ज्ञान उत्पन्न हो जाता है ॥ ५ ॥

समभानत आत्मन आत्मगतं

जगदेव विभाति यथा खगभूः।

अथवा मन एव यथा शयने
सकलं विकलं मम रूपमिदम् ॥ ६ ॥

भाष्यम्।

ननु सतः सततमभानमसतश्च भानमिति कथमित्याशङ्कायां विद्वद्दृष्टिभ्यां समाधत्ते समिति। यथा पृथिव्यवच्छिन्ननभसः सूक्ष्मत्वादभानेनाकाशगा भूरिव भाति तथा मननाद्यभ्यासापाटवेनातिसूक्ष्मतमात्मानवभासादात्माध्यस्तजगद्भास एव। वस्तुतस्तु विकलं निरवयवं मद्रूपमेवेदं सर्व्वम्। यथा स्वप्ने मन एव सर्व्वम्। तत्तदात्मनात्मभानमेव सदेति भावः ॥ ६ ॥

সমুভানত আত্মন আত্মগতং
জগদেব বিভাতি যথা খগভূঃ।
অথবা মন এব যথা শয়নে
সকলং বিকলং মম রূপমিদম্ ॥৬॥

## ভাষ্যম্।

নন্নু সতঃ সততমভানমসতশ্চ ভানমিতি কথমিত্যাশঙ্কায়াং বিদ্বদ্দৃষ্টিভ্যাং সমাধত্তে সমিতি। যথা পৃথিব্যবচ্ছিন্ননভসঃ সূক্ষ্মত্বাদভানেনাকাশগা ভূরেব ভাতি তথা মননাদ্যভ্যাসপাটবেনাতিসূক্ষ্মতমাত্মানবভাসাদাত্মাধ্যস্তজগদ্ভাস এব। বস্তুতস্তু বিকলং নিরবয়বং মদ্রূপমেবেদং সর্ব্বম্। যথা স্বপ্নে মন এব সর্ব্বম্। তত্তদাত্মনাত্মভানমেব সদেতি ভাবঃ॥ ৬॥

Indira Gandhi National
Centre for the Arts

## বঙ্গানুবাদ।

যেপ্রকার পৃথিবী-ব্যাপ্ত আকাশের সূক্ষ্মতা নিবন্ধন উহা আমাদের প্রত্যক্ষ হয় না, কিন্তু পৃথিবী প্রত্যক্ষ হইয়া থাকে, তদ্রূপ ঐ মননাদি অভ্যাসের অভাবে অতি সূক্ষ্মতম আত্মা আমাদের নিকট প্রকাশ পান না, কিন্তু আত্মগত জগৎ প্রকাশ পাইয়া থাকে। বস্তুতঃ এ সমুদায়ও সেইরূপ নিরবয়ব কেবল আমারই রূপমাত্র। যেরূপ স্বপ্নাবস্থায় ঘট পটাদি সমস্ত সামগ্রী কেবলমাত্র মনোরূপ।

## ভাব-ব্যাখ্যা।

আকাশ পৃথিবী ব্যাপিয়া আছে, কিন্তু উহা সূক্ষ্ম, সুতরাং আমাদের প্রত্যক্ষ হয় না; কিন্তু পৃথিবী আমাদের প্রত্যক্ষ হয়। সেইরূপ যোগাদি ক্রিয়ার অভাবে অতিসূক্ষ্ম আত্মাকে আমরা হৃদয়ঙ্গম করিতে পারি না, কিন্তু আত্মাতে প্রতিবিম্বিত জগৎকে আমরা অনায়াসে উপলব্ধি করিয়া থাকি। প্রকৃত প্রস্তাবে স্বপ্নাবস্থায় ঘট, পট, অট্টালিকা, আসন, পরিচ্ছদ প্রভৃতি যাহা কিছু দেখি, সমুদায়ই মনের কার্য্য-মাত্র; উহা সকল মন ভিন্ন কিছুই নহে। সেইরূপ জগতের যাহা কিছু পদার্থ, সমুদায়ই আমি (আত্মা), আমা ভিন্ন কিছুই নহে।

## আধ্যাত্মিক ভাব।

যোগাদির অনুষ্ঠান ব্যতীত আত্ম-সাক্ষাৎকার সম্ভবপর নহে। আত্মাতে জগতের প্রতিবিম্ব পড়ে, তাহাতেই আমরা সমস্ত পদার্থের অনুভব করি। জগতে আত্মা ব্যতীত অন্য কিছুই নাই; তত্ত্বজ্ঞানী ব্যক্তি আত্মা ব্যতীত আর কিছুই উপলব্ধি করেন না।

## हिन्दी अनुवाद ।

जिस तरहसे आकाशका सूक्ष्मत्व हेतु यही आकाश हमलोगका प्रत्यच्च नहीं होने सकता परन्तु पृथ्वी जो है सो प्रत्यच्च है । तिस प्रकार मननादि अभ्यासका अभाव हेतु अति सूक्ष्मतम आत्मा हमलोगके समीपमे प्रकाशमान नहीं होता है परन्तु आत्मगत जगत् प्रकाशमान होता है । सिद्धान्त पक्षमे यही समुदय निरवयव एवं मेरा रूप होती है । जिस प्रकार स्वप्नावस्थामे सम्पूर्ण मनरूप वर्तमान है ॥ ६ ॥

श्रुतिरप्यवबोधवनेन विना
न समन्वयमेति किल स्वरसात् ।
चितिबोधविमुक्तिपराद्वयगा
सदसद्द्वयरूपनिषेधपरा ॥ ७ ॥

Indira Gandhi National Centre for the Arts

## भाष्यम्।

चिन्मात्रत्वे श्रुतिं प्रमाणयति श्रुतिरिति। तमेव विदित्वातिमृत्युमेति। सदेव सौम्येदमग्र आसीत्। सर्व्वं खल्विदं ब्रह्म। नेति नेति। इत्याद्या श्रुतिर्ज्ञानघनं विना स्वारस्येन नैव सङ्गता भवति। अपिरेवार्थो भिन्नक्रमः अथवापिशब्दाद्विद्वदनुभवोऽपि प्रमाणमित्यर्थः॥ ७॥

Indira Gandhi National Centre for the Arts

শ্রুতিরপ্যববোধঘনেন বিনা·
ন সমন্বয়মেতি কিল স্বরসাৎ।
চিতিবোধবিমুক্তিপরাদ্বয়গা
সদসদ্দ্বয়রূপনিষেধপরা॥ ৭॥

## ভাষ্যম্।

চিন্মাত্রত্বে শ্রুতিং প্রমাণয়তি শ্রুতিরিতি। তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি। সদেব সৌম্যেদমগ্র আসীৎ। সর্ব্বং খল্বিদং ব্রহ্ম। নেতি নেতি।

ইত্যাদ্যা শ্রুতির্জ্ঞানঘনং বিনা স্বারস্যেন নৈব সঙ্গতা ভবতি। অপিরেবার্থো ভিন্নক্রমঃ অথবাপিশব্দাদ্বিদ্বদনুভবোঽপি প্রমাণমিত্যর্থঃ ॥ ৭ ॥

## বঙ্গানুবাদ।

জ্ঞান ব্যতীত স্বমতে আত্মজ্ঞানরূপ বিমুক্তির সাধন, যাহা হইতে অদ্বিতীয় ব্রহ্ম প্রতিপাদিত হন এবং যে সৎ অসৎ উভয়বিধ বস্তুর সত্তা স্বীকার করে না, এতাদৃশ শ্রুতিরই সামঞ্জস্য রক্ষা হয় না।

Indira Gandhi National
Centre for the Arts

## ভাব-ব্যাখ্যা।

শ্রুতি অর্থে বেদ; সেই বেদের অনুশীলন দ্বারা আত্মজ্ঞান জন্মে, আত্মজ্ঞান জন্মিলে মুক্তি হয়। বেদ একমাত্র পরব্রহ্মকে প্রতিপন্ন করেন; বেদ (ব্রহ্ম-ভিন্ন) নিত্য অনিত্য উভয়বিধ বস্তুরই বিদ্যমানতা স্বীকার করেন না। অতএব আমাদের মানব-জীবনের পরম-পুরুষার্থ-সাধক এমন যে বেদ, উহাও জ্ঞান ব্যতীত আমাদের বুদ্ধির গোচর হয় না।

## আধ্যাত্মিক ভাব।

যে সময় মানবের প্রকৃত আত্মজ্ঞান জন্মে, তখন যদি বেদের অভ্যাসে প্রবৃত্তি হয়, তাহা হইলে মানব বৈদিক উপদেশ হইতে অদ্বিতীয় ব্রহ্মকে জানিতে পারেন এবং ব্রহ্ম ভিন্ন নিত্য অনিত্য কোনপ্রকার পদার্থই যে নাই, উহা তাঁহার উপলব্ধি হয় ও তদ্দ্বারা মোক্ষ লাভ করিতে পারেন। প্রকৃত জ্ঞান ব্যতিরেকে বেদের অনুশীলন করিলেও উহা পূর্ব্বাপর-বিরোধী ও সন্দেহযুক্ত বলিয়া প্রতীত হয়।

## हिन्दी अनुवाद।

बेगर ज्ञानसे आत्ममतमे आत्मज्ञानरूप विमुक्ति-साधिनी सदसत् उभयविध वस्तुकी निषेधस्वरूपिणी श्रुतिकी मीमांसा नहीं होता है ॥ ৩ ॥

अहमेकजनिर्न जनिद्वयवान्
गुरुगो न गृही न वनी न यतिः।
जनको जननी जननं च न मे
करणं न शरीरशरीरगुणाः ॥ ৪ ॥

भाष्यम् ।

अथैवमात्माद्वैतमनुभाव्यप्रतीतमात्मनि द्वैतं वारयति चतुर्भिः । तत्र तावदन्तरङ्गा वर्णाश्रमादिभेदानात्मनि वारयत्यहमित्यादि द्वाभ्याम् । एकजनिः शूद्रः । गुरुगो ब्रह्मचारी । करणमिन्द्रियाणि । शरीरं तद्गुणाः कार्श्यादयश्च ॥ ८ ॥

অহমেকজনির্ন জনিদ্বয়বান্
গুরুগো ন গৃহী ন বনী ন যতিঃ ।
জনকো জননী জননং চ ন মে
করণং ন শরীরশরীরগুণাঃ ॥ ৮ ॥

Indira Gandhi National Centre for the Arts

ভাষ্যম্ ।

অথৈবমাত্মাদ্বৈতমনুভাব্যপ্রতীতমাত্মনি দ্বৈতং বারয়তি চতুর্ভিঃ । তত্র তাবদন্তরঙ্গা বর্ণাশ্রমাদিভেদানাত্মনি বারয়ত্যহমিত্যাদি দ্বাভ্যাম্ । একজনিঃ শূদ্রঃ । গুরুগো ব্রহ্মচারী । করণমিন্দ্রিয়াণি । শরীরং তদ্গুণাঃ কার্শ্যাদয়শ্চ ॥ ৮ ॥

## বঙ্গানুবাদ।

আমি শূদ্র, অথবা দ্বিজ, কিংবা ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ বা ভিক্ষু নহি। আমার জনক, জননী কিংবা জন্ম নাই। আমি ইন্দ্রিয় কিংবা শরীর অথবা শরীরের গুণ কৃশতা প্রভৃতি নহি, অতএব আমি আত্মস্বরূপ।

## ভাব-ব্যাখ্যা।

আমা হইতে ব্রাহ্মণ শূদ্রাদির জাতিগত যে পার্থক্য, তাহা তিরোহিত হইয়াছে। ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ কিংবা সন্ন্যাস প্রভৃতি আশ্রমোচিত যে ভেদবুদ্ধি, তাহাও আমাতে বিদ্যমান নাই। আমি পিতা মাতাকে জন্মের কারণ বলিয়া স্বীকার করি না। আর ইন্দ্রিয়, শরীর ও কৃশতা প্রভৃতি দেহের যে গুণনিচয়, উহাও যে আত্মা হইতে ভিন্ন, সে ধারণাও আমার নাই।

## আধ্যাত্মিক ভাব।

আমি সর্ব্ববিধ-ভেদ-বর্জ্জিত নিখিল পদার্থের সমষ্টিস্বরূপ অদ্বিতীয় আত্মা।

Indira Gandhi National Centre for the Arts

## हिन्दी अनुवाद ।

मैं शूद्र अथवा द्विज किंवा ब्रह्मचारी वानप्रस्थ वा भिक्षु नहीं, मेरा पिता माता और जनम नहीं, मैं इन्द्रिय और शरीर अथवा देहका गुण कृशताभी नहीं, इससे मैं आत्मस्वरूप ॥ ८ ॥

निखिलक्रियया रहितोऽस्मि सदा
न च पूजयितापि न पूज्यवरः ।
मयि कामसुखोऽरिगणो विमुखो-
ऽपचयोपचयौ च सदैकरसे ॥ ९ ॥

## भाष्यम् ।

पूज्यवरः पूज्येषु प्रधानोऽपि नास्मि । सदा त्रिषु कालेष्वेकरसत्वं यतो मय्यतः कामक्रोधाद्यरिषट्कं विमुखं, तथाऽपचयोपचयौ ह्रद्धिह्रासौ च विमुखौ, मयि न सन्तीत्यर्थः ॥ ९ ॥

Indira Gandhi National Centre for the Arts

নিখিলক্রিয়য়া রহিতোঽস্মি সদা
ন চ পূজয়িতাপি ন পূজ্যবরঃ।
ময়ি কামমুখোঽরিগণো বিমুখো-
ঽপচয়োপচয়ৌ চ সদৈকরসে ॥ ৯॥

## ভাষ্যম্।

পূজ্যবরঃ পূজ্যেষু প্রধানোঽপি নাস্মি। সদা ত্রিষু কালেষ্বেকরসত্বং যতো ময্যতঃ কামক্রোধাদ্যরিষট্কং বিমুখং, তথাপচয়োপচয়ৌ বৃদ্ধিহ্রাসৌ চ বিমুখৌ, ময়ি ন সন্তীত্যর্থঃ ॥ ৯ ॥

## বঙ্গানুবাদ।

আমি সর্ব্ববিধ ক্রিয়াবর্জ্জিত, আমার পূজক অথবা পূজ্য কেহ নাই, কামাদি রিপুগণ সর্ব্বদা আমাতে পরাঙ্মুখ এবং সকল সময়ে একবিধ অবস্থাপন্ন, আমার হ্রাস অথবা বৃদ্ধি কিছুই নাই।

## ভাব-ব্যাখ্যা।

আমার বাসনা নাই, সুতরাং কোন ক্রিয়াও নাই। আমি কাহাকেও উৎকৃষ্ট বা নিকৃষ্ট মনে করি না; অতএব আমি কাহারও পূজা পাইবার পাত্র নহি, অথবা আমারও কেহ পূজনীয় নহে। কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্যাদি রিপুগণ আমাতে ক্রিয়া করিতে সমর্থ নহে; আমি নিয়তকাল একপ্রকার অবস্থায়ই থাকি; আমার অবনতি অথবা উন্নতি, কিছুই নাই।

Indira Gandhi National Centre for the Arts

## আধ্যাত্মিক ভাব।

যখন মানবের তত্ত্বজ্ঞানের উদয় হয়, তখন সর্ব্ব জগৎ আত্মময় হয়, তখন মানবের পদার্থান্তরের সহিত পৃথক্ অস্তিত্ব-বোধ থাকে না।

## হিন্দী অনুবাদ।

মৈঁ সর্ববিধ ক্রিয়াসে বর্জিত হূঁ, মেরা ন তো কোঈ পূজা করনেবালা হৈ, ঔর ন মৈঁ কিসীকী পূজা করতা হূঁ। সর্বদা হমারেসে কামাদি রিপু সব

बहिर्मुख है, हरवक्त एकविध अवस्थापन्न, न मैं घटता हूं, न मैं बढ़ता हूं ॥ ९ ॥

सरसो विरसो नभसोऽस्मि समो
न समो विषमोऽपि च केवलतः।
मयि केवलता न विकेवलता
विदिता यदनात्मविलक्षणता ॥ १० ॥

Indira Gandhi National Centre for the Arts

भाष्यम्।

नन्वन्यस्य रसस्य सत्त्वात्कथमद्वैततेत्यत आह सरस इति। रसशून्योऽप्याकाशो यथैकरस उच्यते तथात्माहमपीत्यर्थः। रसः स्वभावो न वस्त्वन्तरमिति भावः। यतः केवलो रस्यतो नभसः सादृश्यतदभावाभ्यामपि द्वैतापत्तिरित्याह न सम इति। नन्वेवमपि केवलत्वेन तदवस्थैव द्वैतता तत्राह मयीति। यत् यतः मय्यनात्मभ्यो विलक्षणता तेनाद्वैतत्वं द्वैतत्वं वापि मयि सम्भवति विलक्षणते-

वाद्वैततेत्यादीनि भावः। न च न पर्य्यायनिरूपणेन दोषनिवृत्तिरिति वाच्यम् खपुष्पविलक्षणताया अपि खपुष्पसमानत्वात् ॥ १० ॥

সরসো বিরসো নভসোঽস্মি সমো
ন সমো বিষমোঽপি চ কেবলতঃ।
ময়ি কেবলতা ন বিকেবলতা
বিদিতা যদনাত্মবিলক্ষণতা ॥ ১০ ॥

Indira Gandhi National
Centre for the Arts

ভাষ্যম্।

নন্বন্যস্য রসস্য সত্ত্বাৎ কথমদ্বৈততেত্যত আহ সরস ইতি। রসশূন্যোঽপ্যাকাশো যথৈকরস উচ্যতে তথাত্মাহমপীত্যর্থঃ। রসঃ স্বভাবো ন বস্ত্বন্তরমিতি ভাবঃ। যতঃ কেবলো রস্যতো নভসঃ সাদৃশ্য-তদভাবাভ্যামপি দ্বৈতাপত্তিরিত্যাহ ন সম ইতি। নন্বেবমপি কেবলত্বেন তদবস্থৈব দ্বৈততা তত্রাহ ময়ীতি। যৎ যতঃ ময্যনাত্মভ্যো

বিলক্ষণতা তেনাদ্বৈতত্বং দ্বৈতত্বং ব্বাপি ময়ি সম্ভবতি বিলক্ষণতৈবাদ্বৈততেত্যাদীতি ভাবঃ। ন চ ন পর্য্যায়নিরূপণেন দোষনিবৃত্তিরিতি বাচ্যম্ স্বপুণ্যবিলক্ষণতায়া অপি খপুষ্পসমানত্বাৎ॥ ১০॥

## বঙ্গানুবাদ।

আমি স্বভাব হইতে ভিন্ন আকাশস্বরূপ হইলেও স্বভাবরূপেই বিদ্যমান। আমি সমগ্র নহি, কেবল অসমগ্রও নহি; আমাতে অদ্বৈতভাব বিরাজমান, দ্বৈতভাব আমাতে স্থান পায় না; যেহেতু আমি আত্মার ভিন্নভাব বিদিত নহি।

Indira Gandhi National Centre for the Arts

## ভাব-ব্যাখ্যা।

আমি প্রকৃতির সহিত লিপ্ত নহি, তাহা হইতে সম্পূর্ণ বিভিন্ন; অথচ স্বভাব যেরূপ নিত্য সদাকালস্থায়ী, আমিও তদ্রূপ। আমি সমগ্র অর্থাৎ পূর্ণ নহি, অসমগ্র অর্থাৎ অপূর্ণও নহি। আমি অদ্বৈতভাবপ্রাপ্ত, অর্থাৎ আত্মভিন্ন পদার্থান্তর স্বীকার করি না; দ্বৈতভাব আমাতে স্থান পায় না; আমি এক, জগৎ অন্য, এরূপ

ভেদবুদ্ধি আমা হইতে তিরোহিত হইয়াছে। আত্ম-ব্যতিরিক্ত পদার্থ আছে, ইহা আমার ধারণার অতীত। "সর্ব্বং খল্বিদং ব্রহ্মেতি শ্রুতিঃ।"

## আধ্যাত্মিক ভাব।

আমি এবং জগৎ এই বস্তু-দ্বয়-কল্পনা মিথ্যা, বস্তুতঃ এ সমস্তই পরমাত্মা বা ব্রহ্ম।

## हिन्दी अनुवाद।

हम स्वभावसे भिन्न हैं, आकाशका रूप होनेसे भी स्वभाव रूपेही विद्यमान रहता हूं, मैं समग्र नहीं हूं और असमग्र भी नहीं। मेरेसे अद्वैतभाव ही विराजमान है और द्वैतभाव हममें स्थान न पा सकता है, जिस हेतुसे मैं आत्माका भिन्न भाव नहीं जानता हूं॥ १०॥

अहहात्मनि बोधमये मनसो

वचसोऽपि न गोचरतास्ति यतः।

Indira Gandhi National Centre for the Arts

अतएव विलक्षणतापि कथं
कथितास्तु तथास्त्ववशेषतया ॥ ११ ॥

## भाष्यम् ।

वाङ्मनसोरविषये त्वनात्मवैलक्षण्यनिरूपणमपि दुःशकमेव वस्तुत इत्याहाहहेति । यतो वाङ्मनोगोचरता नास्ति अतो विलक्षणता कथं कथिता निरूपिता भवतु अहहैव कष्टमेव निरूपणमित्यर्थः । कथमेवं सति प्रसिद्धिरत आह तथेति । अवशेषतया निषेधावधितयाधिष्ठानतया वा तथास्तु अनात्मविलक्षणतया कथितोऽस्त्वात्मा । अविद्यासंस्कृतधियोपचरितासङ्गत्वधर्म्मा अपि न भारायेति भावः । इदमत्र तत्त्वं नेति नेतीत्यादिवाक्यानि न सर्व्वनिषेधविषयकाणि नित्याऽद्वितीयात्मतत्त्वतात्पर्य्यवद्वाक्यानामुदारगतेरसम्भवात् । कस्यचिदन्वेषणप्रसङ्गे प्रवृत्तनिषेधानां सावधिकत्वस्य जागरूकत्वात् असाक्षिकनिषेधस्याप्रामाणिकत्वात् साक्षि-

चिद्बोधस्वरूपस्य चतुर्थपद्येनोपलक्षितस्य कथमपि केनाप्यपलपितुं विनाशसम्भावनापथमारोहयितुं चाशक्यत्वाच्चेति कृतं विस्तारेणाल्मारामाणामिति दिक्॥ ११॥

অহহাত্মনি বোধময়ে মনসো
বচসোঽপি ন গোচরতাস্তি যতঃ।
অতএব বিলক্ষণতাপি কথং
কথিতাস্তু তথাস্ত্ববশেষতয়া॥ ১১॥

## ভাষ্যম্।

বাঙ্মনসোরবিষয়ে ত্বনাত্মবৈলক্ষণ্যনিরূপণমপি দুঃশকমেব বস্তুত ইত্যাহাহহেতি। যতো বাঙ্মনোগোচরতা নাস্তি অতো বিলক্ষণতা কথং কথিতা নিরূপিতা ভবতু অহহৈব কষ্টমেব নিরূপণমিত্যর্থঃ। কথমেবং সতি প্রসিদ্ধিরত আহ

তথেতি। অবশেষতয়া নিষেধাবধিতয়াধিষ্ঠান-তয়া বা তথাস্তু অনাত্মবিলক্ষণতয়া কথিতো-ঽস্ত্বাত্মা। অবিদ্যাসংস্কৃতধিয়োপচরিতাসঙ্খ্যধর্ম্মা অপি ন ভারায়েতি ভাবঃ। ইদমত্র তত্ত্বং নেতি নেতীত্যাদিবাক্যানি ন সর্ব্বনিষেধবিষয়কাণি নিত্যাঽদ্বিতীয়াত্মতত্ত্বতাৎপর্য্যবদ্বাক্যানামুদারগতে-রসম্ভবাৎ। কস্যচিদন্বেষণপ্রসঙ্গে প্রবৃত্তনি-ষেধানাং সাবধিকত্বস্য জাগরূকত্বাৎ অসাক্ষিকনি-ষেধস্যাপ্রামাণিকত্বাৎ সাক্ষি-চিদ্‌বোধস্বরূপস্য চতুর্থপদ্যেনোপলক্ষিতস্য কথমপি কেনাপ্যপ-লপিতুং বিনাশসম্ভাবনাপথমারোহয়িতুং চাশক্যত্বা-চ্চেতি কৃতং বিস্তারেণাত্মারামাণামিতি দিক্‌॥১১॥

## বঙ্গানুবাদ।

হায়! যেহেতু জ্ঞানস্বরূপ আত্মা, মন ও বাক্যের অধিকার-বহির্ভূত, অতএব তাঁহার অদ্বৈত সত্তা কি-প্রকারে বাক্য বা মন দ্বারা নিরূপিত হইতে পারে?

## ভাব-ব্যাখ্যা।

আত্মা জ্ঞানস্বরূপ এবং আমাদের অন্তঃকরণ ও বাক্‌শক্তির আয়ত্ত নহে। মনে করুন, যাহার রূপ আছে অথবা অবয়ব আছে, তাহাই আমাদের অন্তঃকরণ চিন্তা করিয়া আয়ত্ত করিতে, কিংবা বাক্যশক্তি শব্দ বিন্যাস দ্বারা বর্ণন করিতে সমর্থ হয়। এস্থলে "নেতি নেতি" ইত্যাদি শ্রুতি-বাক্যের প্রামাণ্য স্বীকার করিতে হইবে; ঐ সকল শ্রুতি-বাক্যে যখন সেই আত্মা ভিন্ন অন্য বস্তুর অস্তিত্ব একেবারেই অস্বীকার করিতেছে এবং কেবলমাত্র সেই আত্মাকেই লক্ষ্য করিতেছে এবং যখন তাঁহার অস্তিত্ব স্বতই প্রতিভাত হইতেছে, তখন আত্মার অদ্বৈতানুভূতি-বিষয়ে কোন সংশয়ই হইতে পারে না।

Indira Gandhi National
Centre for the Arts

## আধ্যাত্মিক ভাব।

আত্মা জ্ঞানময়, ইন্দ্রিয়াতীত, অখণ্ড ও অদ্বৈত রূপে স্বতই প্রতি পরমাণুতে বিরাজমান।

## हिन्दी अनुवाद।

हाय जिस हेतुसे ज्ञानस्वरूप आत्मा मन और वाक्यका अधिकारसे वहिर्भूत है, इसलिये उसका भिन्न भाव किस रीतसे सम्पूर्ण कहनेमे सकता है ॥ ११ ॥

एवं चिदानन्दघनं स्वरूपं
विभाव्य देहाद्यविभाव्य बाढ़म्।
अनन्तसच्चित्सुखसिन्धुसारो
भवेदभीक्ष्णं न भवेत्स भूयः ॥ १२ ॥

## भाष्यम्।

अथोक्तात्मनिश्चये मुमुक्षून् प्रवर्त्तयन्नाहैवमिति। एवमुक्तरीत्या चिदानन्दस्वरूपे दृढ़भावनया देहाद्यनात्मानुसन्धानशून्यो योऽभीक्ष्णमनुक्षणमहरहर्वा चित्समुद्ररसो भवेन्न स भूयो भवेन्न स पुनरावर्त्तत इति श्रुतेरित्यर्थः ॥ १२ ॥

এবং চিদানন্দঘনং স্বরূপং
বিভাব্য দেহাদ্যবিভাব্য বাঢ়ম্।
অনন্তসচ্চিৎসুখসিন্ধুসারো
ভবেদভীক্ষ্ণং ন ভবেৎ স ভূয়ঃ ॥১২॥

## ভাষ্যম্।

অথোক্তাত্মনিশ্চয়ে মুমুক্ষূন্ প্রবর্ত্তয়ন্নাহৈবমিতি। এবমুক্তরীত্যা চিদানন্দস্বরূপে দৃঢ়ভাবনয়া দেহাদ্যনাত্মানুসন্ধানশূন্যো যোঽভীক্ষ্ণমনুক্ষণমহরহর্বা চিৎসমুদ্ররসো ভবেন্ন স ভূয়ো ভবেন্ন স পুনরাবর্ত্তত ইতি শ্রুতেরিত্যর্থঃ॥ ১২ ॥

## বঙ্গানুবাদ।

এইপ্রকার চিদানন্দ আত্মস্বরূপ ধ্যান করিয়া, দেহাদি অনাত্ম বস্তুকে ভাবনা না করিয়া, যিনি চিৎসমুদ্ররসে নিমগ্ন হন, তাঁহাকে আর পুনরায় জন্ম গ্রহণ করিতে হয় না।

## ভাব-ব্যাখ্যা।

যিনি পূর্ব্বোক্তরূপ চিদানন্দময় আত্মস্বরূপ পরব্রহ্মের ধ্যানে নিমগ্ন হন, দেহ প্রভৃতি যে সকল আত্মেতর অর্থাৎ আত্মভিন্ন পদার্থ আছে, সে সমুদায়ের চিন্তামাত্রও যিনি না করেন, এককালে সেই চিন্ময়ে মজিয়া যান, তিনি অবিদ্যামুক্ত জীব; তাঁহাকে আর এই মায়াময় সংসারে পুনঃ পুনঃ জন্ম গ্রহণ করিয়া ক্লেশ পাইতে হয় না।

Indira Gandhi National Centre for the Arts

## আধ্যাত্মিক ভাব।

যখন জীব সর্ব্ববিধ চিন্তা এবং নিখিল বাসনা সেই পরব্রহ্মে অর্পণ করিতে পারেন, তখন তিনি আত্মারাম হইয়া অনন্তকাল ব্রহ্মানন্দ উপভোগ করিতে পারেন, আর তাঁহাকে সংসারী সাজিয়া সংসার-মায়ায় পুনঃ পুনঃ প্রতারিত হইতে হয় না।

## हिन्दी अनुवाद।

इस प्रकार चिदानन्द आत्मस्वरूपकी भावना करके देहादि अनात्म वस्तुका ध्यान नहीं करके जो

चित्तसमुद्ररसमे निमग्न होता है, उसके फिर जनम ग्रहण नहीं करना पड़ता है ॥ १२ ॥

अनन्तरामस्य गुरोरनुज्ञया
धियानुभूतिर्विवृतेयमज्ञया ।
सुभास्करानन्दयतेर्मनोज्ञया
शरीरमात्रेऽपि कृतोर्ववज्ञया ॥ १३ ॥

इति श्रीमदनुभूतिविवरणादर्श: ।

Indira Gandhi National
... for the Arts

## भाष्यम् ।

अथ सम्प्रदायानुरोधेन गुरुग्रन्थनिजनामानि निर्दिशन्तोऽनन्तेति । अज्ञा काव्यादिशक्तिशून्या तथापि सद्व्यवसायत्वान्मनोज्ञा । तथा शरीरमात्रेऽपि कृतमहदवज्ञा रागरहिता या भास्करानन्दस्य धी: तया अनन्तरामशर्म्माभिधगुरुप्रेरणत: इयमात्मस्वरूपानुभूतिर्विवृता व्याख्यानेन व्यक्तीकृताऽनुभूतिविवरणग्रन्थ: कृत इति यावत् । गुरोरनुज्ञ-

येति तु यावदायुस्त्रयी वन्द्या वेदान्तो गुरुरीश्वरः । यस्य देवे परा भक्तिर्यथा देवे तथा गुरौ । तस्यैते कथिता ह्यर्थाः प्रकाशन्ते महात्मन इत्यादिसूचनायैवेति बोध्यम् ॥ १३ ॥

इति श्रीमदनुभूतिविवरणादर्शः ।

অনন্তরামস্য গুরোরনুজ্ঞয়া
ধিয়ানুভূতির্বিবৃতেয়মজ্ঞয়া ।
সুভাস্করানন্দযতের্মনোজ্ঞয়া
শরীরমাত্রেঽপি কৃতোর্ববজ্ঞয়া ॥১৫॥

ইতি শ্রীমদনুভূতিবিবরণাদর্শঃ ।

## ভাষ্যম্ ।

অথ সম্প্রদায়ানুরোধেন গুরুগ্রন্থনিজনামানি নির্দ্দিশ্যন্তেঽনন্তেতি । অজ্ঞা কাব্যাদিশক্তিশূন্যা তথাপি সদ্ব্যবসায়ত্বান্মনোজ্ঞা । তথা শরীরমাত্রেঽপি কৃতমহদবজ্ঞা রাগরহিতা যা ভাস্করা-

নন্দস্য ধীঃ তয়া অনন্তরামশর্ম্মাভিধগুরুপ্রেরণতঃ ইয়মাত্মস্বরূপানুভূতির্বিবৃতা ব্যাখ্যানেন ব্যক্তীকৃতাঽনুভূতিবিবরণগ্রন্থঃ কৃত ইতি যাবৎ। গুরোরনুজ্ঞয়েতি তু যাবদায়ুস্ত্রয়ো বন্দ্যা বেদান্তো গুরুরীশ্বরাঃ। যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মন ইত্যাদিসূচনায়ৈবেতি বোধ্যম্ ॥ ১৩ ॥

ইতি শ্রীমদনুভূতিবিবরণাদর্শঃ।

Indira Gandhi National Centre for the Arts

## বঙ্গানুবাদ।

অনন্তরাম শর্ম্মা নামক গুরুর অনুমতিক্রমে কবিত্বশক্তিশূন্য হইলেও উদ্দেশ্যের সাধুতা হেতু, শরীরের প্রতিও আস্থা-বিহীন ভাস্করানন্দ যতির বুদ্ধি দ্বারা এই মনোহর আত্মস্বরূপের অনুভূতি প্রকাশিত হইল।

## ভাব-ব্যাখ্যা।

এখন জিজ্ঞাস্য হইতে পারে, এই গ্রন্থকার যতি, তাঁহার আবার গ্রন্থ-রচনার প্রয়াস কেন? ইহার উত্তর এই—অনন্তরাম শর্ম্মা নামক একটী শাকদ্বীপী

ব্রাহ্মণের নিকট ভাস্করানন্দ যতি গীতা, ভাষ্য প্রভৃতি অধ্যয়ন করেন ; সেই গুরুর আজ্ঞা পালনার্থ। যাঁহারা কবি, তাঁহারাই গ্রন্থ রচনা করেন। ইনি কবি নহেন, তবে কেন গ্রন্থ-রচনা ? ইহার উত্তর দিতেছেন, আত্মতত্ত্বের অনুশীলন অতি মহৎ কর্ম্ম, অতএব উহাতে সমধিক কবিত্ব না থাকিলেও এরূপ গ্রন্থ-প্রণয়ন প্রয়োজনীয়। তজ্জন্য অন্য বাসনার কথা দূরে থাকুক, দেহের প্রতি পর্য্যন্ত যাঁহার আস্থা নাই, সেই ভাস্করানন্দ যতির বুদ্ধি দ্বারা এই আত্মস্বরূপের অনুভূতি (যেরূপে পরমাত্মার উপলব্ধি হয়) প্রচারিত হইল ; ইহা জ্ঞানিগণের অতি আদরণীয়।

## আধ্যাত্মিক ভাব।

যতি হন, পরমহংস হন, গুরু সকলেরই পূজনীয় ; তজ্জন্য বাসনাশূন্য, এমন কি দেহের প্রতিও যাঁহার অনুরাগ নাই, সেই স্বামী ভাস্করানন্দ সরস্বতী, সেই গুরু অনন্তরাম পণ্ডিতের আদেশে এই পরমাত্মার উপলব্ধি বিষয়ক পুস্তক প্রচার করিলেন।

ইতি অনুভূতিবিবরণাদর্শ।

## हिन्दी अनुवाद ।

अनन्तराम शर्मा गुरुकी आज्ञा अनुसार काव्य रचना करनेकी शक्ति न होने परभी साधुओंके उद्देशके निमित्त मनोहर, शरीरमात्रसे अनुराग रहित जो भास्करानन्द यतिकी बुद्धिकी द्वारा आत्मस्वरूपकी अनुभूति प्रकाशित होती है ॥ १३ ॥

Indira Gandhi National Centre for the Arts

समाप्तोऽयं ग्रन्थः ।

IGNCA RAR
ACC. No. R-474



Indira Gandhi National
Centre for the Arts